

কীটনাশক না কিনে ডিভিডি কেনা

ইমপ্যাক্ট
স্টাডি

১৬

ভূমিকা

বাণিজ্যিকভাবে যারা ডিভিডি বিক্রি করে তাদের মাধ্যমে ডিভিডিগুলো বিতরণ করা যেতে পারে। ২০১৫ সালে ‘জেরার্ড জৌন্ডজি’ সবজি উৎপাদন বিষয়ক নয়টি ভিডিও পাঁচটি ভাষায় অনূদিত করে একটি ডিভিডিতে সংকলিত করে। যারা কৃষিপণ্য বিক্রি করে ও সিনেমার ডিভিডি বিক্রি করে এমন ব্যক্তিমালিকানার প্রতিষ্ঠানের মাধ্যমে জৌন্ডজি ডিভিডিগুলো বিতরণ করে।

দর্শকদের প্রতিক্রিয়া

জৌন্ডজি বিক্রেতাদের ডিভিডিগুলো বিনামূল্যে দিয়েছিল। বিনিময়ে তাদের সহযোগিতা চেয়েছিল। তবে, ডিভিডিগুলো বিক্রির টাকা তাদের কাছে রাখতে বলেছিল। ডিভিডিগুলোর উপরে তার ফোন নম্বরসহ একটা স্টিকার লাগিয়ে দিয়েছিল, যাতে বলা ছিল ডিভিডি বিষয়ক কোনো প্রশ্ন থাকলে সেই নম্বরে ফোন করতে। ৫৬২ জন

ডিভিডি ক্রেতার মধ্যে সর্বাধিক ৩৪১ জন জৌন্ডজি-কে ফোন করেছিল। এদের মধ্যে প্রায় ২০% ডিভিডিগুলো দেখার জন্য এতটাই উদগ্রীব ছিল যে, তারা নিজেরা ডিভিডি প্লেয়ারে কিনেছিল। যাদের সাক্ষাৎকার নেওয়া হয়েছিল তারা তাদের নিজেরা ভাষায় অনূদিত অন্য কৃষকদের অভিজ্ঞতাগুলো পছন্দ করেছিল। ৫১% ক্রেতা বলেছিল যে, তারা ডিভিডিগুলো তাদের বন্ধু ও পরিবারের সদস্যদের সাথে ভাগাভাগি করে দেখেছে।

অন্যরা ফোন করেছিল এটা জানতে যে, ভিডিওতে দেখা ‘ড্রিপ ইরিগেশন’-এর যন্ত্রগুলো তারা কোথায় পাবে। ছয় জন কৃষিপণ্য পরিবেশক (ডিলার), যারা ডিভিডিগুলো বিক্রি করেছিল, তারাও ‘ড্রিপ ইরিগেশন’-এর ভিডিও দেখে মুগ্ধ হয়, তাদের আগ্রহ কৃষকদেরও উদ্বুদ্ধ করে। এদের মধ্যে দুই জন পরিবেশক ‘ড্রিপ ইরিগেশন’ যন্ত্র মজুদ করতে শুরু করে। ডিভিডিগুলো কেবল ‘দক্ষিণ বেনিন’-এ বিক্রি হলেও সেগুলো অন্যান্য অঞ্চলেও ব্যাপকভাবে ছড়িয়ে যায়। ফোন কলের প্রায় এক তৃতীয়াংশ এসেছিল সুদূর টোগো, নাইজেরিয়া, নাইজার ও ‘উত্তর বেনিন’ থেকে।

উৎপাদন এবং কীটনাশকের উপর প্রভাব

ডিভিডিগুলো থেকে কৃষকেরা বেশ কিছু জটিল তথ্য পেয়েছিল : তিন-চতুর্থাংশ উত্তরদাতা বলেছিল যে ডিভিডিগুলো দেখে তারা ‘নেমোটোড’ চিনতে পেরেছে এবং তা দমন করতে শিখেছে। দক্ষিণ বেনিন-এ একটি ফলো-আপ সফরের সময় জৌন্ডজি ১২০ জন সবজিচাষিকে ‘নেমোটোড’ দমনে মাত্রাতিরিক্ত কীটনাশক ছিটাতে দেখে। ডিভিডিগুলো দেখে কৃষকগণ অনুধাবন করে যে, কীটনাশকগুলো তাদের পরিবেশ ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ছিল। তিনবারের উপরে ডিভিডিগুলো দেখার পর সবজিচাষিরা নানা রকমের নিয়ন্ত্রণ পদ্ধতি অবলম্বন করে, যেমন- আগে মাত্র ১৬% ‘ক্রপ রোটেশন’-এর চর্চা করতো কিন্তু পরে সে সংখ্যা দাঁড়ায় শতকরা ৯২ জনে। কীটনাশকসহিষ্ণু বিভিন্ন জাতের ফসলের চাষ ৩৯% থেকে বেড়ে ৯৯% দাঁড়িয়েছে। সাক্ষাৎকার প্রদানকারীদের ৮৬% ডিভিডিগুলো দেখার পর কীটনাশকের জন্য কম খরচ করেছে।

এই কেস স্টাডি অ্যাকসেস এগ্রিকালচার-এর বাস্তবায়নে ‘ভিডিওস ফর ফার্মার’ প্রজেক্ট-এর সহায়তায় ডিভিডিগুলো নির্মাণ করতে আর্থিক সহায়তা প্রদান করেছে ‘সুইস অ্যাজেন্সি ফর ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেশন এসডিসি’। প্রজেক্ট নাম্বার : ৭৯-০৮৩৭৮.০১.



গান ও সিনেমার ডিভিডি বিক্রেতা দোকানগুলোকে ‘কৃষক শিখন ভিডিও’ বিক্রি করার কাজে যুক্ত করা যেতে পারে

Contact: Gérard Zoundji gezoundji@gmail.com

Zoundji, Gérard C., F. Okry, S.D. Vodouhè, & J.W. Bentley 2016 “The Distribution of Farmer Learning Videos: Lessons from Non-Conventional Dissemination Networks in Benin.” *Cogent Food & Agriculture* 2(1).

Zoundji, Gérard C., F. Okry, S.D. Vodouhè, & J.W. Bentley 2018 “Towards Sustainable Vegetable Growing with Farmer Learning Videos in Benin.” *International Journal of Agricultural Sustainability* 16(1):54-63.



সারসংক্ষেপ ও
ছবি: জেফ
বেন্টলে